গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৫.২০১৯/৩28/৮ তারিখ: 24/০২/২০২১খ্রি.

বিষয়ঃ কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন বজরা মহাবিদ্যালয়ের ০৪ জন শিক্ষকের এমপিওভুক্তির বিষয়টি অবহিত করণ প্রসঙ্গে।

সূত্রঃ : ১, রীট পিটিশন নং-৭৭৭৩/২০১৫

২. মাউশি/ঢাঅ/সেসিপ/তদন্ত/২০১৭/১২১৮, তারিখ: ০৬/১২/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন বজরা মহাবিদ্যালয়ের ০৪ জন শিক্ষক ১. জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রভাষক (বাংলা) ২. জনাব মোঃ মতিউর রহমান, প্রভাষক (পৌরনীতি) ৩. জনাব মোঃ মাহফুজার রহমান মিয়াজি, প্রভাষক (যুক্তিবিদ্যা) এবং ৪. জনাব আব্দুর রাজ্জাক খন্দকার, প্রভাষক (ইতিহাস) গত ০৬/১১/২০০৪ তারিখ হতে বজরা মহাবিদ্যালয়ে কর্মরত আছেন। বিধি বহির্ভুতভাবে বজরা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আরো শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান করেছেন মর্মে অভিযোগ রয়েছে। রাশেদুজ্জামান গং কর্মরত থাকা অবস্থায় তাদের পদত্যাগ দেখিয়ে যথক্রমে ১. জনাব আঞ্জুমান আরা বেগম, প্রভাষক (বাংলা), ২. জনাব মোছাঃ রোজিনা আক্তার, প্রভাষক (ইতিহাস), ৩. জনাব মোছাঃ মোর্শেদা বেগম, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), ৪. জনাব মোঃ মনিরুজ্জামান, প্রভাষক (দর্শন)-কে নিয়োগ প্রদান করেছেন। উপরিউক্ত শিক্ষকগণের নিয়োগ প্রক্রিয়া, প্রাপ্যতা মাউশি অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামতের পরিপ্রেক্ষিতে বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়। **তদন্ত কর্মকর্তার মতামতের পর্যালোচনাঃ** ডিগ্রি স্তরে নিয়োগপ্রাপ্ত ০৪ জন শিক্ষক যথাক্রমে ১. আঞ্জুমান আরা বেগম, প্রভাষক (বাংলা), ২. মোছাঃ রেজিনা আক্তার, প্রভাষক (ইতিহাস), ৩. মোছাঃ মোর্শেদা বেগম, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) ও ৪. মোঃ মনিরুজ্জামান, প্রভাষক (দর্শন) ডিগ্রি খোলার নিমিত্ত অর্থাৎ ডিগ্রি স্তরে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। মামলা চলমান এবং ডিগ্রি স্তরে নিয়োগ প্রাপ্ত উল্লিখিত ০৪ জন শিক্ষক-কে কিভাবে এমপিওভুক্ত করানো হয়।

এমতাবস্থায়, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন বজরা মহাবিদ্যালয়ের ০৪ জন শিক্ষক ডিগ্রি খোলার নিমিত্ত অর্থাৎ ডিগ্রি স্তরে নিয়োগপ্রাপ্ত এবং মামলা চলমান হওয়ার পরও কি-ভাবে এমপিওভুক্ত হয়েছে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ না করলে আপনার কোন মতামত নেই বলে বিবেচিত হবে।

23.2.21
(মোঃ আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
বজরা মহাবিদ্যালয়
উলিপুর, কুড়িগ্রাম।

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
২. উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৩. সভাপতি, পরিচালনা পরিষদ, বজরা মহাবিদ্যালয়, উলিপুর, কুড়িগ্রাম।
৪. শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. অধ্যক্ষ, বজরা মহাবিদ্যালয়, উলিপুর, কুড়িগ্রাম;
৬. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৭. জনাব-------------,প্রভাষক (-----), বজরা মহাবিদ্যালয়, উলিপুর, কুড়িগ্রাম;
৮. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৫.২০১৯/৩৩৩৮ তারিখঃ ২৪/০২/২০২১খ্রি.

বিষয়ঃ কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন বজরা মহাবিদ্যালয়ের ০৪ জন শিক্ষকের এমপিওভুক্তির বিষয়টি অবহিত করণ প্রসঙ্গে।

সূত্রঃ : ১, রীট পিটিশন নং-৭৭৭৩/২০১৫
২. মাউশি/ঢাঅ/সেসিপ/তদন্ত/২০১৭/১২১৮, তারিখঃ ০৬/১২/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন বজরা মহাবিদ্যালয়ের ০৪ জন শিক্ষক ১. জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রভাষক (বাংলা) ২. জনাব মোঃ মতিউর রহমান, প্রভাষক (পৌরনীতি) ৩. জনাব মোঃ মাহফুজার রহমান মিয়াজি, প্রভাষক (যুক্তিবিদ্যা) এবং ৪. জনাব আব্দুর রাজ্জাক খন্দকার, প্রভাষক (ইতিহাস) গত ০৬/১১/২০০৪ তারিখ হতে বজরা মহাবিদ্যালয়ে কর্মরত আছেন। বিধি বহির্ভুতভাবে বজরা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আরো শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান করেছেন মর্মে অভিযোগ রয়েছে। রাশেদুজ্জামান গং কর্মরত থাকা অবস্থায় তাদের পদত্যাগ দেখিয়ে যথক্রমে ১. জনাব আঞ্জুমান আরা বেগম, প্রভাষক (বাংলা), ২. জনাব মোছাঃ রোজিনা আক্তার, প্রভাষক (ইতিহাস), ৩. জনাব মোছাঃ মোর্শেদা বেগম, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), ৪. জনাব মোঃ মনিরুজ্জামান, প্রভাষক (দর্শন)-কে নিয়োগ প্রদান করেছেন। উপরিউক্ত শিক্ষকগণের নিয়োগ প্রক্রিয়া, প্রাপ্যতা মাউশি অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামতের পরিপ্রেক্ষিতে বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়। **তদন্ত কর্মকর্তার মতামতের পর্যালোচনাঃ** উল্লিখিত শিক্ষকগণের ০৬/০৪/২০১৩ খ্রি. তারিখে পদত্যাগপত্র দেখিয়ে ১৮/০৪/২০১৩খ্রি. তারিখে অনুষ্ঠিত গভর্নিং বডির সভায় তা অনুমোদন করা হয় মর্মে অধ্যক্ষ জনাব মোঃ মাজেদুল ইসলাম লিখিতভাবে দাবি করেন এবং পদত্যাগসমূহ ও রেজুলেশনের ফটোকপি সরবরাহ করেন। উক্ত পদত্যাগপত্র ও রেজুলেশনের বৈধতা নিয়ে জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রভাষক (বাংলা) বাদী হয়ে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম আদালতে মামলা (জিআর নং-২৫৫/২০১৬) দায়ের করেন। মামলাটি চলমান রয়েছে।

এমতাবস্থায়, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন বজরা মহাবিদ্যালয়ের ০৪ জন শিক্ষকের বিষয়ে জি আর নং-২৫৫/২০১৬ মামলার রায়ের পরিপ্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

23.2.21
(মোঃ আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
বজরা মহাবিদ্যালয়
উলিপুর, কুড়িগ্রাম।

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
২. উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৩. সভাপতি, পরিচালনা পরিষদ, বজরা মহাবিদ্যালয়, উলিপুর, কুড়িগ্রাম।
৪. শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. অধ্যক্ষ, বজরা মহাবিদ্যালয়, উলিপুর, কুড়িগ্রাম;
৬. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৭. জনাব-------------,প্রভাষক (-----), বজরা মহাবিদ্যালয়, উলিপুর, কুড়িগ্রাম;
৮. সংরক্ষণ নথি।